গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা -১২০৫
www.naem.gov.bd

নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০০৭.২২/ ৬৬২৪ তারিখ: ০২.১০.১৪৩১ বঙ্গাব্দ / ১৬.০১.২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয় : সরকারি ও বেসরকারি স্কুলের ইংরেজি বিষয়ের শিক্ষকগণের জন্য আয়োজিত 31st English Language Teaching (ELT) প্রশিক্ষণ কোর্স-এর প্রশিক্ষণার্থী মনোনয়ন, ভেন্যু নির্ধারণ এবং প্রশিক্ষণ বাস্তবায়ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী ১২ থেকে ২৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ/২৬ জানুয়ারি ২০২৫ থেকে ০৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. মেয়াদে (১২দিন ব্যাপী) মাধ্যমিক পর্যায়ের ইংরেজি বিষয়ের শিক্ষকগণের জন্য আয়োজিত 31st English Language Teaching (ELT) প্রশিক্ষণ কোর্সটি খুলনা জেলার ০৫টি উপজেলার ০৫টি ভেন্যুতে (সার্বক্ষণিক বিদ্যুৎ ও মাল্টিমিডিয়া সুবিধাসহ) একযোগে অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে যথাক্রমে ১) বয়রা মাধ্যমিক বিদ্যালয়, খুলনা সদর, ২) খুলনা নিউজপ্রিন্ট মিলস মাধ্যমিক বিদ্যালয়, খানজাহান আলী, ৩) শিরোমনি মাধ্যমিক বিদ্যালয়, ফুলতলা ৪) বটিয়াঘাটা থানা হেডকোয়ার্টারস পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়, বটিয়াঘাটা ও ৫) পাইকগাছা সরকারি উচ্চ বিদ্যালয়, পাইকগাছা উপজেলাকে ভেন্যু হিসেবে নির্ধারণ করার জন্য অনুরোধ করা হলো। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর জেলাধীন খুলনা সদর, খানজাহান আলী, ফুলতলা, বটিয়াঘাটা, ও পাইকগাছা উপজেলা হতে মাধ্যমিক পর্যায়ের সরকারি/এমপিওভুক্ত/ NTRCA নিয়োগপ্রাপ্ত (মাধ্যমিক, নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়) শিক্ষা প্রতিষ্ঠান থেকে অগ্রাধিকার বিবেচনায় অনধিক ০২ (দুই) জন করে (প্রতি ভেন্যুতে ৪০ জন) মোট ২০০ জন এমপিওভুক্ত ইংরেজি শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হলো:

১. মনোনীত প্রশিক্ষণার্থীগণকে আগামী ২৬ জানুয়ারি ২০২৫ তারিখ সকাল ৮:৩০ ঘটিকায় নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে রিপোর্ট করতে হবে। প্রতিদিন সকাল ০৯টা থেকে বিকাল ০৫টা পর্যন্ত প্রশিক্ষণ চলবে;
২. প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণকে সরকারি বিধি মোতাবেক প্রশিক্ষণ ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ চলাকালীন ব্যাংক একাউন্টের একটি তথ্য ফর্ম যথাযথভাবে পূরণ করে বিলের সাথে জমা দিবেন;
৩. ইতঃপূর্বে নায়েম কর্তৃক পরিচালিত English Language Teaching (ELT) অথবা Communicative English Course (CEC)-এ অংশগ্রহণকারী কোনো শিক্ষক এ কোর্সে অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন না;
৪. প্রশিক্ষণার্থীগণকে English for Today (Class VI – IX), পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, সর্বশেষ এমপিও-এর ফটোকপি এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রতিষ্ঠানের EIIN সম্বলিত প্যাডে ছাড়পত্র সঙ্গে আনতে হবে। যেসকল শিক্ষকগণ এমপিওভুক্ত হননি তাঁরা এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;
৫. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর স্মারক নম্বর মাউশি প্র/বা-ইউ/৫২৮০ তারিখ: ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত শিক্ষকগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাঁর প্রতিষ্ঠান থেকে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৬. শারীরিক অসুস্থতা (ঠান্ডা, জ্বর ও চোখ ওঠা থাকলে) এবং যে সমস্ত শিক্ষকগণের বয়স ৫২ বৎসর অতিক্রম করেছে তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
৭. কোনো যৌক্তিক কারণে এ প্রশিক্ষণে অংশগ্রহণে অপারগ হলে তাঁর পরিবর্তে প্রতিষ্ঠানের অন্য শিক্ষককে মনোনয়ন দেয়া যাবে যদি তিনি উপরোক্ত শর্তসমূহ পূরণ করে থাকেন এবং স্বাস্থ্যবিধি মেনে উপরোক্ত কোর্সটি সম্পন্ন করতে বাধ্য থাকবেন;
৮. বর্ণিত প্রশিক্ষণ সম্পর্কিত তথ্যের জন্য এ কোর্সের কোর্স সমন্বয়ক জনাব মোঃ মিজানুর রহমান, টিচার ট্রেইনার, সেল নম্বর: ০১৭৪৩-৭৯৪৩৬৪ অথবা জনাব এ.কে.এম সাইফুল ইসলাম, টিচার ট্রেইনার, সেল নম্বর: ০১৮৮-৬১২২৪৪১ -এ যোগাযোগ করা যেতে পারে;
৯. আমন্ত্রণপত্র খানা নায়েম-এর ওয়েবসাইট (www.naem.gov.bd)-এ পাওয়া যাবে;
১০. উল্লেখিত কোর্সে মনোনীত প্রশিক্ষণার্থীগণের তালিকা (নাম, পদবী, মোবাইল নম্বর ও প্রতিষ্ঠানের নাম ইংরেজিতে আগামী ০৭ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ/ ২১ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত এবং সফট কপি (Pdf ও MS-Word Format-এ) ttmizan.naem@gmail.com অথবা ttsaiful.naem@gmail.com ঠিকানায় প্রেরণ করতে অনুরোধ করা হলো।

১৬/১/২৫
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)
নায়েম
ফোন: ০২ ৫৫১৬৭৫৩০

প্রাপক,
জেলা শিক্ষা কর্মকর্তা, খুলনা

নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০০৭.২২/ ৬৬২৪ (২৭) তারিখ: ০২/১০/১৪৩১ বঙ্গাব্দ / ১৬/০১/২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা;
২-৫। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৬। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, খুলনা অঞ্চল (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
৭। জেলা প্রশাসক, খুলনা ;
৮। পুলিশ সুপার, খুলনা ;
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
১০। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, খুলনা অঞ্চল (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
১১। জেলা শিক্ষা কর্মকর্তা, খুলনা (আবাসন ও প্রশিক্ষকগণের ভেন্যুতে যাতায়াত বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
১২-১৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, খুলনা সদর, খানজাহান আলী, ফুলতলা, বটিয়াঘাটা, ও পাইকগাছা উপজেলা;
১৭-২১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, খুলনা সদর, খানজাহান আলী, ফুলতলা, বটিয়াঘাটা, ও পাইকগাছা উপজেলা;
২২। সহকারী পরিচালক (অর্থ), নায়েম, ঢাকা;
২৩। প্রোগ্রামার, নায়েম (আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
২৪। মহাপরিচালক, নায়েম-এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
২৫। রূপকল্প সেল;
২৬। বায়োমেট্রিক সেল;
২৭। অফিস নথি।

১৬/১/২৫
(প্রফেসর মোঃ আব্দুল মান্নান চৌধুরী)
উপপরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন) ও
কোর্স পরিচালক
31st English Language Teaching (ELT) প্রশিক্ষণ কোর্স